

১। ওয়াইল বিন হুজরের হাদীস, যা ইবনে আবী শাইবার হাওয়ালায় উল্লেখ করা হয়, তাতে কিন্তু বুকের উপর অথবা নাভির নিচে হাত বাঁধার কথা নেই। যেটা আছে, সেটা নিম্নরূপ :-

عن علقمة بن وائل بن حجر عن أبيه قال : رأيت النبي صلى الله عليه وسلم وضع يمينه على شماله في الصلاة.  
অর্থাৎ, ওয়াইল বিন হুজর বলেন, আমি নবী ﷺ-কে দেখেছি, তিনি নামাযে তাঁর ডান হাতকে বাম হাতের উপর রাখলেন। (ইবনে আবী শাইবাহ ১/৪২৭)

আপনার কাছে মুস্নাফ ইবনে আবী শাইবা থাকলে দেখে মিলিয়ে নিন।

ওয়াইল বিন হুজরের হাদীস, যা সহীহ, তা বুকের উপর হাত বাঁধার কথা।

عن وائل بن حجر ﷺ قال : قلت لأنظرن إلى رسول الله ﷺ كيف يصلي فنظرت إليه قام فكبر ورفع يديه حتى حاذتا بأذنيه ثم وضع كفه اليمنى على ظهر كفه اليسرى والرسغ والساعد.... ابن الجارود، أبو داود، والنسائي، ابن حبان، ابن خزيمة، أحمد

ওয়াইল বিন হুজর ﷺ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি অবশ্যই দেখব, রাসূলুল্লাহ ﷺ কীভাবে নামায পড়ছেন। সুতরাং তিনি তকবীর দিলেন এবং নিজ কান বরাবর দুই হাত তুললেন। অতঃপর তাঁর ডান হাতের চোটোকে বাম হাতের চোটো, কজ্জি ও রলার উপর রাখলেন। (বাইহাক্বী)

এ হাদীসও আহলে হাদীসের কাছে সহীহ। এ হাদীসে বুকের উপরে রাখার কথা স্পষ্টতঃ না থাকলেও প্রচ্ছন্নভাবে রয়েছে। যেহেতু কনুই পর্যন্ত রলার উপর হাত রাখলে বুকের উপর ছাড়া রাখা সম্ভব নয়।

২। আলী ﷺ-এর হাদীস।

عن علي من السنة في الصلاة وضع الأُكف على الأُكف تحت السرة.

অর্থাৎ, নামাযে একটি সন্নত হল করতলের উপর করতল রেখে নাভির নিচে রাখা। (ইবনে আবী শাইবাহ)

এ হাদীসেও নবী ﷺ নাভির নিচে হাত বাঁধতেন সে কথা নেই। তবুও কোন সাহাবী ‘সন্নত’ বললে সেটাকে নবী ﷺ-এর কর্ম বলেই মানা হয়। কিন্তু তা সহীহ হলে তবে তো?

শুধু গায়ের মুক্বাল্লিদরা নয়, মুক্বাল্লিদ আলেমগণও তা ‘অশুদ্ধ’ বলেন।

ইমাম নাওয়াবী বলেছেন, ‘সকলেই এর দুর্বল হওয়ার ব্যাপারে একমত।’

আল্লামা আইনী বলেছেন, ‘এটি আলী বিন আবী তালেবের উক্তি। নবী ﷺ পর্যন্ত এর সনদ সহীহ নয়।

পক্ষান্তরে আলী ﷺ কর্তৃক এর বিপরীত বর্ণনাও এসেছে। যেমন :-

عن ابن جرير الضبي عن أبيه قال : رأيت علياً ﷺ يمسك شماله بيمينه على الرسغ فوق السرة . وهذا إسناد قال البيهقي (٣٠/٢) : " حسن " .

অর্থাৎ, জারীর যাব্বী বলেন, ‘আমি আলী ﷺ-কে দেখেছি, তিনি নিজ ডান হাত দিয়ে বাম হাতের কজ্জিকে ধরে নাভির উপরে রেখেছেন।’ (আবু দাউদ, বাইহাক্বী এর সনদকে ‘হাসান’ বলেছেন।)

عن عُقبة بن صُهبان قال : إن علياً ﷺ قال في هذه الآية : { فَصَلْ لِرَبِّكَ وَأَنْحَرْ } ، قال : وضع يده اليمنى على وسط يده اليسرى ، ثم وضعهما على صدره . أخرجه البيهقي (٣٠/٢) .

উক্ববাহ বিন সুহবান বলেন, আলী ﷺ ‘ফাস্বাল্লি লিরাব্বিকা অনহর’ আয়াতের অর্থ বর্ণনায় বলেন, ‘(তুমি তোমার প্রতিপালকের জন্য নামায পড় এবং বুক হাত রাখো।) তিনি তাঁর ডান হাতকে বাম হাতের মাঝে রেখে নিজ বুকের উপর রাখলেন। (বাইহাক্বী ২/৩০)